

# এবার হয়রানির শিকার সব নারী শিক্ষার্থীর কাছে তথ্য চাইল ডাকসু

অনলাইন ডেক্স



ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)  
নির্বাচনের পূর্ববর্তী এবং পরবর্তী সময়ে যেসব  
নারী শিক্ষার্থী রাজনৈতিক প্রতিহিংসা বা অন্য  
কোনো কারণে ঘোন হয়রানি, ন্যুড পেডেলিং,  
সাইবার বুলিংসহ অনুরূপ অপরাধের শিকার  
হয়েছেন, তাঁদের কাছে প্রয়োজনীয় প্রমাণ ও  
তথ্য চেয়েছে ডাকসু।

এসব তথ্য ডাকসু অফিসের মুক্তিযুদ্ধ ও  
গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ডেক্সে সরাসরি  
অথবা [ducsu@du.ac.bd](mailto:ducsu@du.ac.bd) ইমেইল ঠিকানায়  
পাঠাতে বলা হয়েছে। সোমবার বিকেলে এ তথ্য

জানান ডাকসুর মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক  
আন্দোলন সম্পাদক ফাতিমা তাসনিম জুমা।

তিনি বলেন, আইন ও মানবাধিকার বিভাগের  
কার্যক্রমের অংশ এবং আমার নির্বাচনী  
ইশতেহারের অঙ্গীকার হিসেবে আমরা এসব  
ঘটনার প্রাথমিক নথিপত্র প্রস্তুত করে আইনগত  
পদক্ষেপ নেওয়ার সিদ্ধান্ত নিয়েছি।

তিনি আরো বলেন, এসব অপরাধের শিকার  
প্রতিটি শিক্ষার্থীর পাশে থাকা আমাদের দৃঢ়  
অঙ্গীকার। রাজনৈতিক অঙ্গন ও সাইবার  
স্পেসকে নারীবান্ধব ও নিরাপদ করা আমাদের  
সবার সম্মিলিত চ্যালেঞ্জ। সবাইকে এই উদ্যোগে  
আন্তরিক সহযোগিতার আহ্বান জানাচ্ছি।

প্রসঙ্গত, ছবি বিকৃত করায় সাইবার সুরক্ষা  
আইনে শাহবাগ থানায় মামলা করেছেন ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) লোকপ্রশাসন বিভাগের  
শিক্ষক ও সহকারী প্রফেসর শেহরীন আনিম ভুঁইয়া  
মোনামি।

আজ সোমবার শাহবাগ থানায় মামলা করেন  
তিনি। থানায় অভিযোগ দায়েরের সময় ডাকসুর  
সদস্যরা ওই শিক্ষিকার সঙ্গে ছিলেন। মামলায়

চারজনকে আসামি করা হয়েছে। এ ছাড়া  
অঙ্গত আসামিও রয়েছে মামলায়।